

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

১৪ আগস্ট ২০০৮
তারিখঃ -----
৩০ শ্রাবণ ১৪১৪

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিল প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে কার্যরত ব্যাংক-কোম্পানীসমূহের আর্থিক বুনয়াদ আরও শক্তিশালী করার লক্ষ্যে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১৩(২) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের সাথে পরামর্শক্রমে, ১২ আগস্ট ২০০৮ তারিখের প্রজ্ঞাপন নং-বিআরপিডি(আর-১)৭১৭/২০০৮-৫১১ এর মাধ্যমে ব্যাংক-কোম্পানীর ন্যূনতম আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিলের পরিমাণ ৪০০ কোটি টাকা, যার মধ্যে আদায়কৃত মূলধন হবে অন্যান্য ২০০ কোটি টাকা, নির্ধারণ করেছে।

০২। ব্যাংকগুলোর আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিল উক্ত প্রজ্ঞাপনে উল্লেখিত পরিমাণে উন্নীতকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ-

- ১) প্রজ্ঞাপন জারীর তারিখ হতে সর্বোচ্চ তিন বছর অর্থাৎ ১১ আগস্ট ২০১১ তারিখের মধ্যে ব্যাংকের ন্যূনতম আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিল ৪০০ (চারশত) কোটি টাকায় উন্নীত করতে হবে, যার মধ্যে আদায়কৃত মূলধন হবে অন্যান্য ২০০ (দুইশত) কোটি টাকা;
- ২) আবশ্যিকীয় মূলধন সংগ্রহের জন্য করোন্ডর মুনাফা অবন্টিত রেখে রিজার্ভ বৃদ্ধি এবং প্রয়োজ্য ক্ষেত্রে আইপিও বা রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩) মূলধন সংরক্ষনে ঘাটতি থাকা অবস্থায় নগদে লভ্যাংশ প্রদান করা যাবে না;
- ৪) বিদেশী ব্যাংকের ক্ষেত্রে করোন্ডর মুনাফা প্রত্যাশাসন না করে অথবা বিদেশ থেকে অতিরিক্ত মূলধন আনয়নের মাধ্যমে নির্দেশিত সময়সীমার মধ্যে মূলধন ঘাটতি পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৫) মূলধন বৃদ্ধির সুত্রে ব্যাংক-কোম্পানীর সংস্কারক ও সংঘবিধিতে সংশোধনী আবশ্যিক হলে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৬) নির্দেশিত সময়সীমার মধ্যে মূলধন ও সংরক্ষিত তহবিলের ঘাটতি পূরণে সমর্থ না হলে অন্য ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে একীভূত হওয়া যাবে।

জারীকৃত প্রজ্ঞাপনের একটি অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১(এক) পৃষ্ঠা।

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

নং- বিআরপিডি(আর-১)৭১৭/২০০৮-৫১১

১২ আগস্ট ২০০৮
তারিখঃ-----
২৮ শ্রাবণ ১৪১৫

প্রজ্ঞাপন

বাংলাদেশে কার্যরত ব্যাংক-কোম্পানীসমূহের আর্থিক বুনিয়াদ আরও শক্তিশালীকরণের লক্ষ্যে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪নং আইন) এর ধারা ১৩ এর উপ-ধারা (২) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের সহিত পরামর্শক্রমে, ব্যাংক-কোম্পানীর ন্যূনতম আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিলের পরিমাণ ৪০০ কোটি টাকা, যাহার মধ্যে আদায়কৃত মূলধন হইবে অনূ্যন ২০০ কোটি টাকা, নির্ধারণ করিল।

অত্র প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে সর্বোচ্চ তিন বৎসর সময়ের মধ্যে ব্যাংক-কোম্পানীসমূহের আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিল উল্লিখিত পরিমাণে উন্নীত করিতে হইবে।

স্বা/-
মোঃ নজরুল হুদা
ডেপুটি গভর্নর